

প্রতিমন্ত্রী দেরিতে আসায় ৫ ঘণ্টা অভুক্ত রইল '৭শ' শিশু শিক্ষার্থী

■ পটুয়া (চট্টগ্রাম) প্রতিনিধি চট্টগ্রামের পশ্চিম পটুয়া উত্তর চরলক্ষ্যা প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে এসে সারাদিন অভুক্ত রইল কচি শিশুরা। কারণ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটি উদ্বোধন করার কথা ছিল ভূমি প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরীর। কিন্তু সকাল ১০টার নির্ধারিত সময়ে না এসে তিনি হাজির হন বিকেল সাড়ে ৩টায়। এরপর অনুষ্ঠান শেষ হতে হতে ৪টা বেজে যায়। এদিকে মঞ্চে আসন দখল নিয়ে প্রতিমন্ত্রীর উপস্থিতিতেই হাতাহাতিতে জড়িয়ে পড়ে ছাত্রলীগের দুই গ্রুপ।

নির্ধারিত সময়ে প্রতিমন্ত্রীর আসতে না পারার ব্যাপারে কর্ণফুলী থানা যুবলীগের সহসভাপতি নাজিম উদ্দিন হায়দার বলেন, 'আনোয়ারায় একটি সড়কের উদ্বোধন থাকায় অনুষ্ঠানে তার আসতে কিছুটা দেরি হয়েছে।'

শিশুদের অভুক্ত থাকার বিষয়ে তিনি বলেন, 'এ ধরনের বড় অনুষ্ঠানে এরকম ঘটনা ঘটাই স্বাভাবিক।' অবশ্য অনুষ্ঠানে আসতে দেরি হওয়ার কারণে ভূমি প্রতিমন্ত্রীর সবার কাছে ক্ষমা চেয়েছেন।

জানা যায়, গতকাল শনিবার পটুয়া-কর্ণফুলী থানার উত্তর চরলক্ষ্যা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন ও সড়কের উদ্বোধন উপলক্ষে আয়োজন

করা হয় যা সমাবেশের। সকাল ১০টায় অনুষ্ঠান শুরু হওয়ার কথা থাকলেও বিকেল সাড়ে ৩টায় প্রতিমন্ত্রী আসার পর অনুষ্ঠান শুরু হয়। ফলে আয়োজকদের চাপে দীর্ঘ ৫ ঘণ্টা না খেয়ে অপেক্ষায় থাকতে হয় ৭০০ শিশু শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের।

এদিকে অনুষ্ঠানে প্রতিমন্ত্রীর উপস্থিতিতে হাতাহাতিতে জড়িয়ে পড়ে পশ্চিম পটুয়া যুবলীগ নেতা সোলায়মান গ্রুপ এবং দক্ষিণ জেলা প্রমিক লীগ সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার ইসলাম আহমদ গ্রুপ।